# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৯৩

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ২১. (ব্যবহারের) উপযোগিতা প্রকাশ না পাওয়া পর্যন্ত ফল ক্রয়-বিক্রয়ের নিষেধাজ্ঞা

باب فِي النَّهْيِ عَنْ بَيْعِ الثِّمَارِ حَتَّى يَبْدُوَ صَلَاحُهَا

আরবী

أَخْبَرَنَا خَالِدُ بْنُ مَخْلَدٍ حَدَّثَنَا مَالِكٌ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ قَالَ نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ بَيْعِ الثِّمَارِ حَتَّى يَبْدُوَ صَلَاحُهَا نَهَى الْبَائِعَ وَالْمُشْتَرِيَ

বাংলা

২৫৯৩. আবদুল্লাহ ইবনু ’উমার রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত যে, (ব্যবহারের) উপযোগিতা প্রকাশ না পাওয়া পর্যন্ত ফল বিক্রয় করতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিষেধ করেছেন। তিনি ক্রেতা ও বিক্রেতা উভয়কে এরূপ করতে নিষেধ করেছেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ শক্তিশালী।

তাখরীজ: মালিক, বুয়ূ ১০; বুখারী, বুয়ূ ২১৯৪; মুসলিম, বুয়ূ ১৫৩৪।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫৪১৫, ৫৪৭৬, ৫৬১১, ৫৭৯৮ ও সহীহ ইবনু হিব্বান নং ৪৯৮১, ৪৯৮৯, ৪৯৯১ তে।

সংযোজনী: এছাড়াও, বাইহাকী, মা’রিফাতুস সুনান ওয়াল আছার নং ১১১৫৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82878

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন